কেস স্টাডি
একদিন বাদশা আকবর প্রশ্ন করলেন, আচ্ছা বীরবল, বিপদের সময় কোন অস্ত্রটা সবচেয়ে বেশি কাজে লাগে বলতো? বীরবল জবাব দিল ,'উপস্থিত বুদ্ধি" হুজুর। সম্রাট বললেন আমাদের কাছে এত অস্ত্রশস্ত্র আছে এইসব অস্ত্রের কাছে উপস্থিত বুদ্ধির দাম কত টুকু? কিন্তু আমার বিশ্বাস এটাই মালিক। বেশ ,কালকেই পরীক্ষা করব। পরের দিন তিনি তার তাঁর রাজধানীর একটি সংকীর্ণ পথে এক পাগলা হাতিকে ছেড়ে দিলেন এবং বীরবলকে ডেকে বললেন এই পথ দিয়েই তোমাকে বাড়ি ফিরতে হবে, যদি পারো তবেই বুঝবো তোমার কথা ঠিক। বীরবল তো ভয়ে আধমরা। কিন্তু হুজুরের আদেশ অমান্য করলেও তো গর্দান চলে যাবে। এবার বুঝি সত্যিই পাগলা হাতির পায়ের তলায় প্রাণটা দিতেই হবে! বীরবল সেই গলির মধ্যে ঢুকে হনহন করে হাঁটতে লাগলেন। ওদিক থেকে তখন সেই পাগলা হাতি ছুটে আসছে গর্জন করতে করতে। উপায়! পালানো তো চলবে না, হঠাৎ বীরবলের চোখে পড়লো গলির একপাশে শুয়ে আছে একটা বড় কুকুর। বীরবল ছুটে গিয়ে কুকুরটার পেছনের পা দুটো ধরে তাকে ছুড়ে দিলেন হাতির শুঁড়ের ওপর। কুকুরটা ছিটকে গিয়ে আঁকড়ে ধরল হাতির শুঁড়, এবং এমন কামড়ে দিল সেই শুঁড়ে যে হাতিটা যন্ত্রণায় চিৎকার করতে করতে যেদিক থেকে এসেছিল সেই দিকেই ঘুরে পালাতে লাগলো। এই সুযোগে বীরবল হাতির নজর এড়িয়ে তৎক্ষণাৎ আর দেরি না করে কোথায় অদৃশ্য হয়ে গেলেন। পরাজিত সম্রাট বীরবল কে তার বিচক্ষণ বুদ্ধির প্রত্যক্ষ প্রমাণ দানের জন্য অনেক প্রশংসা করলেন এবং অনেক কিছু উপহার দিলেন।
উপরের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো।

১. বীরবলের মতে বিপদের সময় সবচেয়ে কার্যকর অস্ত্র কোনটি?
তরোয়াল / ধনুক / উপস্থিত বুদ্ধি / তীর ।

২. সম্রাট আকবর বীরবলের কথা কীভাবে পরীক্ষা করতে চেয়েছিলেন?

যুদ্ধের মাধ্যমে / একটি পাগলা হাতি ছেড়ে দিয়ে /ধাঁধা জিজ্ঞাসা করে / শিকারে পাঠিয়ে।

৩. বীরবলের কোন জিনিস বেশি ছিল?

উপস্থিত বুদ্ধি / অস্ত্রশস্ত্র / লোকবল / তীর ধনুক।

৪. বীরবলের চোখে প্রথমে কী পড়েছিল?
একটি ঘোড়া / একটি বড় কুকুর / একটি গরু /একটি ছাগল।

৫. হাতিটি কেন ফিরে পালিয়ে গেল?
সম্রাটের আদেশে / কুকুরের কামড়ে যন্ত্রণা পেয়ে / বীরবলের ভয়ে / পথ হারিয়ে।

৬. গল্পের মূল শিক্ষা কী?
শক্তিই সব / উপস্থিত বুদ্ধি বিপদের সময় সবচেয়ে বড় সহায় / সবসময় যুদ্ধ করতে হবে / ভয় পেলেই পালাতে হয়।

৭.মন্তব্য : বিপদের সময় উপস্থিত বুদ্ধি সবচেয়ে কার্যকর অস্ত্র।
কারণ : বীরবল উপস্থিত বুদ্ধি ব্যবহার করে ।
পাগলা হাতির হাত থেকে নিজেকে রক্ষা করেছিলেন।
মন্তব্য ও কারণ উভয়ই সঠিক / মন্তব্য ঠিক ও কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ভুল/ মন্তব্য ভুল কারণ ঠিক।

৮.মন্তব্য : সম্রাট আকবর বীরবলের ওপর রাগ করেছিলেন।

কারণ : বীরবলের উপস্থিত বুদ্ধির প্রমাণ পেয়ে সম্রাট তাঁকে প্রশংসা ও পুরস্কার দিয়েছিলেন।

মন্তব্য ভুল, কিন্তু কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ভুল কারণ ঠিক।